৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০

পরীক্ষার তারিখ : ১১.১২.২০১০; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০

দ্রষ্টব্য : প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।

১. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?

ক অসমিয়া খ হিন্দি
গ বঙ্গকামরূপী ঘ সংস্কৃত

ব্যাখ্যা *বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় মূল ভাষাগোষ্ঠীর অন্তর্গত। এ ভাষা পরবর্তীতে নানা বিবর্তনের মাধ্যমে খ্রিস্টীয় সপ্তম শতাব্দীতে বাংলায় রূপ লাভ করে। বাংলা ভাষার আগমন শৃঙ্খল : ইন্দো-ইউরোপীয় > শতম > আর্য > ভারতীয় > প্রাচীন ভারতীয় আর্য > প্রাচীন ভারতীয় কথ্য আর্য (আদিম প্রাকৃত) > প্রাচীন প্রাচ্য > মাগধী প্রাকৃত/ গৌড়ীয় প্রাকৃত >মাগধী অপভ্রংশ/গৌড়ীয় অপভ্রংশ > বঙ্গ-কামরূপী > বাংলা।*

২. ভাষার কোন রীতি পরিবর্তনশীল?

ক সাধুরীতি খ চলিত রীতি
গ কথ্যরীতি ঘ লেখ্যরীতি

ব্যাখ্যা *বাংলা ভাষার লেখ্যরূপ দুটি। একটি সাধু ও অপরটি চলিত রীতি। এর মধ্যে চলিত রীতিটি পরিবর্তনশীল, তদ্ভব শব্দবহুল, সংক্ষিপ্ত, সহজবোধ্য প্রভৃতি বৈশিষ্ট্যসম্পন্ন।*

৩. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক রদনী খ নদীকান্ত
গ কলত্র ঘ আপ্লব

ব্যাখ্যা *সমুদ্র শব্দের সমার্থক শব্দ হলো সাগর, বারীশ, সিন্ধু, বারিধি, নদীকান্ত, অর্ণব, জলধি, উদধি প্রভৃতি।*

৪. কোন বাক্যটি শুদ্ধ?

ক তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন
খ বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ আমার আর বাঁচিবার স্বাদ নাই
ঘ কোনো বাক্যই শুদ্ধ নয়

ব্যাখ্যা *প্রদত্ত বাক্যগুলো শুদ্ধ করে লিখলে হবে (ক) তিনি সস্ত্রীক বেড়াতে গেছেন (খ) বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেয় (গ) আমার আর বাঁচিবার সাধ নাই।*

৫. দু'টি পদের সংযোগস্থলে কি বসে?

ক ড্যাশ খ হাইফেন
গ কোলন ঘ কোলন ড্যাশ

ব্যাখ্যা *বাংলায় বিভিন্ন প্রকার যতি চিহ্ন রয়েছে বিভিন্ন নামে। এছাড়াও রয়েছে এদের বিরতি কালের পরিমাণ। এরূপ ড্যাশ (–) যতি চিহ্নটি দুটি পদ বা বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে বসে। এক্ষেত্রে বিরতিকাল পরিমাণ এক সেকেন্ড।*

৬. 'অম্বু' শব্দের অর্থ কী?

ক আগুন খ নদী
গ সূর্য ঘ জল

ব্যাখ্যা *অম্বু শব্দের অর্থ বা সমার্থক শব্দ জল, পানি, বারি, সলিল, উদক, নীর প্রভৃতি।*

৭. লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে কি বলে?

ক বিশ্রাম চিহ্ন খ বিরাম চিহ্ন
গ বিভাজন চিহ্ন ঘ সাংস্কৃতিক চিহ্ন

ব্যাখ্যা *লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে বিরাম চিহ্ন বা যতি চিহ্ন বা ছেদ চিহ্ন বলে।*

৮. 'মনমাঝি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক মন ও মাঝি খ মন মাঝির ন্যায়
গ মনরূপ মাঝি ঘ মন যে মাঝি

ব্যাখ্যা *মনরূপ মাঝি = মনমাঝি। এটি রূপক কর্মধারয় সমাসের উদাহরণ। এখানে উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হয়েছে।*

৯. বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?

ক বাক্য সংকোচনের জন্য খ বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ বাক্যের সৌন্দর্যের জন্য ঘ বাক্যকে অলংকৃত করার জন্য

ব্যাখ্যা *বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা বাক্যের সমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ, হর্ষ, বিষাদ, জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার উদ্দেশ্যে বিরাম চিহ্ন ব্যবহৃত হয়।*

১০. ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে–

ক সারাংশ খ অনুবাদ
গ ভাবসম্প্রসারণ ঘ বাগধারা

ব্যাখ্যা *অভিজ্ঞ-বহুদর্শী লেখকের রচনায় অনেক সময় অল্প কথায় গভীর ভাব ব্যক্ত থাকে। অথবা অনেক প্রবাদ বাক্যের মধ্যে গভীর ও গূঢ় ভাব নিহিত থাকে। এরূপ ভাবকে ব্যাখ্যার মাধ্যমে সহজ করে তোলার নামই হচ্ছে ভাবসম্প্রসারণ।*

১১. কোন বাগধারাটির অর্থ চির অশান্তি?

ক কুল কাঠের আগুন খ তুষের আগুন
গ রাবনের চিতা ঘ কলির সন্ধ্যা

ব্যাখ্যা *তুষের আগুন বাগধারাটির অর্থ হলো দগ্ধকারী দুঃখ। কলির সন্ধ্যা বাগধারাটির অর্থ দুঃখের সূচনা। রাবণের চিতা বাগধারাটির অর্থ চির অশান্তি।*

১২. 'ফপর দালালি'-এ বাগধারাটির সঠিক অর্থ কোনটি?

ক ঠোঁট কাটা খ কাণ্ডজ্ঞানহীন
গ গায়ে পড়ে মাতব্বরী ঘ ধনের অহংকার

ব্যাখ্যা *ঠোঁটকাটা অর্থ নির্লজ্জ বা স্পষ্টবক্তা, ফপর দালালি অর্থ গায়ে পড়ে মাতব্বরী, টাকার গরম অর্থ ধনের অহঙ্কার।*

১৩. শুদ্ধ বানান কোনটি?

ক দীনতা খ দৈন্যতা
গ দীন্যতা ঘ দিনতা

১৪. সমাসের রীতি কোন্ ভাষা থেকে আগত?

ক আরবি খ ফারসি খ সংস্কৃত ঘ ইংরেজি

ব্যাখ্যা *সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে আগত। সংস্কৃত হলো মার্জিত, সংশোধিত বা পরিমার্জিত করা হয়েছে এমন। সংস্কৃত হচ্ছে প্রাচীন ভারতীয় আর্য ভাষার প্রমিত সাহিত্যিক রূপ।*

উত্তর

১	গ
২	খ
৩	খ
৪	ঘ
৫	ক
৬	ঘ
৭	খ
৮	গ
৯	খ
১০	গ
১১	গ
১২	গ
১৩	ক
১৪	গ

http://dhaka-jobs.com

All Job Circular Website: Dhaka-Jobs.com

১৫. পর্বত শব্দের সমার্থক নয় কোনটি?
ক অচল খ ভূধর
গ অদ্রি ঘ উপল

ব্যাখ্যা পর্বত-এর সমার্থক শব্দগুলো হলো– শৈল, অদ্রি, অচল, ভূধর, গিরি, পাহাড় প্রভৃতি। সুতরাং পর্বতের সমার্থক শব্দ নয় উপল।

১৬. 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'–এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে–
ক বনের পশু বনে থাকতেই ভালবাসে
খ প্রকৃতি রূপ সৌন্দর্য আদি ও অকৃত্রিম
গ আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে
ঘ জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর

ব্যাখ্যা বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে– এ উক্তিটি দ্বারা বোঝানো হয়েছে জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর। অর্থাৎ সৃষ্টি জগতে সবকিছুই নিজ নিজ পরিবেশ ও পারিপার্শ্বিকতায় স্বাভাবিক সৌন্দর্যে বিকশিত ও প্রকাশিত হয়।

১৭. 'ইঁদুর কপালে' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক মন্দ বাক্য খ মন্দ ভাগ্য
গ হাস্যকর চেহারা ঘ ইঁদুরাকৃতি কপাল

ব্যাখ্যা ইঁদুর কপালে অর্থ মন্দভাগ্য, কপাল ফেরা অর্থ সৌভাগ্য লাভ।

১৮. 'বৈরাগ্য সাধনে — সে আমার নয়' শূন্যস্থান পূরণ করুন।
ক মুক্তি খ আনন্দ
গ বিশ্বাস ঘ আশ্বাস

১৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক আমি সন্তোষ হলাম খ আমি সন্তোষ্ট হইলাম
গ আমি সন্তুষ্ট হলাম ঘ আমি সন্তুষ্ট হলাম

২০. বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি

ব্যাখ্যা বাংলা ভাষায় মাত্রাহীন বর্ণ ১০টি। এ বর্ণগুলো হলো এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ।

২১. সমাস শব্দের অর্থ কি?
ক বিশ্লেষণ খ সংক্ষেপণ
গ সংযোজন ঘ সংশ্লেষণ

ব্যাখ্যা সমাস শব্দের অর্থ সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ।

২২. 'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ?
ক তৎপুরুষ সমাস খ কর্মধারয় সমাস
গ বহুব্রীহি সমাস ঘ দ্বন্দ্ব সমাস

ব্যাখ্যা 'গায়ে হলুদ' সমাসের ব্যাসবাক্য হলো গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে। এটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাস।

২৩. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদাহরণ?
ক প্রতিবাদ খ বিলাত ফেরত
গ উপগ্রহ ঘ ছেলেধরা

ব্যাখ্যা কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয়, তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। ছেলেধরা একটি উপপদ তৎপুরুষ সমাস। এছাড়া আরো কতিপয় উপপদ তৎপুরুষ সমাস হলো ঘরপোড়া, বর্ণচোরা, পা-চাটা, ছা-পোষা ইত্যাদি।

২৪. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক সুধাংশু খ বিধু
গ পন্নগ ঘ আদিত্য

ব্যাখ্যা সূর্য শব্দের সমার্থক শব্দগুলো হলো– দিবাকর, রবি, ভানু, প্রভাকর, বিভাবসু, মার্তণ্ড প্রভৃতি।

২৫. কোন্‌টি শুদ্ধ বানান?
ক শকট খ শকোট
গ সকোট ঘ সকট

Fill in the blanks with the correct option. (২৬ — ৩০)

২৬. The machinery — working well.
ক is খ were
গ are ঘ should

ব্যাখ্যা Machinery (যন্ত্রপাতি) হচ্ছে uncountable noun, তাই verb singular অর্থাৎ is হবে। সুতরাং Option (ক)-ই সঠিক উত্তর।

২৭. Three fourths of the work — finished.
ক have been খ has been
গ had ঘ were

ব্যাখ্যা Fraction (ভগ্নাংশ) যেমন– two thirds, three fourths-এর পর countable noun (plural থাকলে verb plural হয়, আর uncountable noun থাকলে verb singular হবে)। work হচ্ছে uncountable noun. তাই এখানে verb singular অর্থাৎ has been হবে। সুতরাং correct answer (খ)।

২৮. At least one of the students — full marks everytime.
ক get খ gets
গ are getting ঘ have got

ব্যাখ্যা One of + Plural noun + Singular verb অর্থাৎ one of এর পরে plural noun বসে কিন্তু verb singular হয়। Verb-এর base form-এর সাথে s বা es যোগ করলে তা singular হয়। তাই সঠিক উত্তর (খ)।

২৯. I told him everything lest he —.
ক misunderstood me
খ should misunderstand me
গ should not misunderstand me
ঘ misunderstand me

ব্যাখ্যা Lest + indirect object + should + verb-এর base form বসে। তাই নিয়মানুযায়ী Option (খ)-ই সঠিক উত্তর।

৩০. I wish today — Friday.
ক is খ was
গ were ঘ will be

ব্যাখ্যা কোনো অপূর্ণ বা অসম্ভব ইচ্ছা পোষণ করা বোঝাতে wish + sub + verb-এর past form বসে। Be verb-এর past form হিসেবে subject singular বা plural যাই হোক না কেন were বসে। সুতরাং এক্ষেত্রে Option (গ)-ই সঠিক উত্তর।

৩১. Which word is both a noun and a verb?
ক advice খ practice
গ belief ঘ brush

উত্তর

১৫	ঘ
১৬	ঘ
১৭	খ
১৮	ক
১৯	গ
২০	ঘ
২১	খ
২২	গ
২৩	ঘ
২৪	ঘ
২৫	ক
২৬	ক
২৭	খ
২৮	খ
২৯	খ
৩০	গ
৩১	ঘ

All Job Circular Website: Dhaka-Jobs.com

ব্যাখ্যা Advice (উপদেশ) হচ্ছে noun-এর verb হচ্ছে advise (উপদেশ দেওয়া)। Practice (অনুশীলন) হচ্ছে noun এর verb হচ্ছে practise (অনুশীলন করা). Belief (বিশ্বাস) হচ্ছে noun-এর verb হচ্ছে believe (বিশ্বাস করা)। Brush noun এবং verb উভয়ই। Brush (n)– ব্রাশ বা বুরুশ; Brush (v)– পরিষ্কার করা, ঘষা, মাজা। তাই (ঘ)-ই সঠিক উত্তর।

৩২. The noun form of the word 'Hate' is—

ক Hateful খ Hatred
গ Hatefully ঘ Hated

ব্যাখ্যা Hate (ঘৃণা করা) হচ্ছে verb. Hate-এর noun hatred (ঘৃণা); adjective hateful (ঘৃণ্য); adverb hatefully (ঘৃণ্যভাবে)। সুতরাং Option (খ)-ই সঠিক উত্তর।

৩৩. Which one is an abstract noun?

ক Childhood খ Honest
গ Flock ঘ Cattle

ব্যাখ্যা Childhood (শৈশব) হচ্ছে abstract noun. Honest (সৎ) হচ্ছে adjective. Flock (পাখির ঝাঁক) হচ্ছে collective noun. Cattle (গবাদি পশু) হচ্ছে collective noun. সুতরাং এক্ষেত্রে Option (ক)-ই সঠিক উত্তর।

Choose the right form of verbs in the brackets (৩৪-৩৮).

৩৪. He couldn't help (write) the letter.

ক to write খ wrote
গ writing ঘ written

ব্যাখ্যা Cannot help/couldn't help-এর পর gerund অর্থাৎ verb + ing বসে। সুতরাং নিয়মানুযায়ী (গ)-ই সঠিক উত্তর।

৩৫. Had I been a millionaire I (establish) a hospital.

ক established খ would have established
গ would established ঘ would have been established

ব্যাখ্যা বাক্যের প্রথম অংশে Had + subject + verb-এর past participle থাকলে, শেষ অংশে Subject + would have + verb-এর past participle বসে। সুতরাং নিয়মানুযায়ী এখানে (খ)-ই সঠিক উত্তর।

৩৬. It is I who (be) to blame.

ক is খ are গ am ঘ were

ব্যাখ্যা Relative pronoun (যেমন– who)-এর পরবর্তী verb তার antecedent অনুযায়ী হয়। Relative pronoun যে noun বা pronoun-এর পরিবর্তে বসে তাকে relative pronoun-এর antecedent বলে। এখানে Relative pronoun এ who-এর antecedent হচ্ছে I. তাই who এর পরে verb am হবে।

৩৭. Nipa as well as her brothers (come) to me.

ক have come খ are coming
গ was came ঘ has come

ব্যাখ্যা দুইটি subject as well as দ্বারা যুক্ত হলে verb as well as-এর পূর্বের subject অনুযায়ী হয়। এখানে as well as-এর পূর্বের subject 'Nipa' singular. তাই verb ও singular অর্থাৎ has come হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৩৮. I had (have) my meal before you came.

ক had খ have
গ been ঘ have been

ব্যাখ্যা Had-এর পর verb-এর past participle বসে। Have-এর past participle হচ্ছে had. বাক্যটিতে have দেওয়া আছে, তাই (ক)-ই সঠিক উত্তর। এখানে have অর্থ খাওয়া।

৩৯. "আমার বন্ধু নাই বললেই চলে"

Which is the correct English Translation?

ক I have a few Friends খ I have no friend
গ I have few friends ঘ I have little friends

ব্যাখ্যা A few অর্থ positive অর্থাৎ স্বল্প সংখ্যক; আবার few অর্থ negative অর্থাৎ– নাই বললেই চলে। তাই (গ)-ই সঠিক উত্তর।

৪০. "গায়ে মানে না আপনি মোড়ল"

The correct English Translation is—

ক Every man is for himself
খ He is a self-styled leader
গ Opportunity makes the thieves
ঘ Good wine needs no bush

ব্যাখ্যা Self-styled অর্থ– নিজের মনগড়া, স্বঘোষিত অর্থাৎ অনধিকারপূর্বক কোনো নাম, পদবি ইত্যাদি ব্যবহারকারী। তাই proverbial meaning হিসেবে (খ)-ই সঠিক উত্তর। এছাড়া Every man is for himself অর্থ– চাচা আপন প্রাণ বাঁচা। Opportunity makes thieves অর্থ– সুযোগ চোর তৈরি করে। Good wine needs no bush অর্থ– চেনা বামনের পৈতা লাগে না।

৪১. "Call a spade a spade".

The correct Bengali translation is—

ক আগে ঘর তবেতো পর। খ ঝোপ বুঝে কোপ মারা।
গ স্পষ্টাস্পষ্টি কথা বলা। ঘ জলেই জল বাঁধে।

ব্যাখ্যা Call a spade a spade অর্থ– সোজাসুজি ভাবে বলা; স্পষ্ট ভাষায় কথা বলা অর্থাৎ– স্পষ্টাস্পষ্টি কথা বলা। তাই (গ)-ই সঠিক উত্তর।

৪২. "The elephant is the largest quadruped animal in the world.

The correct Bengali translation is—

ক হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ তৃণভোজী প্রাণী।
খ হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ স্থলজ প্রাণী।
গ হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ বনজ প্রাণী।
ঘ হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ চতুষ্পদ প্রাণী।

ব্যাখ্যা Quadruped animal অর্থ– চতুষ্পদ প্রাণী। শুধুমাত্র Option (ঘ)-তে চতুষ্পদ প্রাণী শব্দটি বিদ্যমান। তাই option (ঘ)-ই সঠিক উত্তর।

৪৩. A topic sentence can be put in the paragraph—

ক at the beginning খ in the middle
গ at the end ঘ anywhere

ব্যাখ্যা Topic sentence paragraph এর প্রথমে (at the beginning) বসে এবং paragraph এর main idea কে ব্যক্ত করে। তাই (ক)-ই সঠিক উত্তর।

উত্তর

৩২	খ
৩৩	ক
৩৪	গ
৩৫	খ
৩৬	গ
৩৭	ঘ
৩৮	ক
৩৯	গ
৪০	খ
৪১	গ
৪২	ঘ
৪৩	ক

http://dhaka-jobs.com

All Job Circular Website: Dhaka-Jobs.com

৪৪. The correct passive form of the sentence "they laugh at us" is—

ক We are laughed at them
খ We are laughed at with them
গ We are laughed by them
ঘ We are laughed at by them

ব্যাখ্যা *Active voice কে passive voice করার সময় object টির subject form বসে, tense অনুযায়ী auxiliary verb বসে + মূল verb-এর past participle বসে + by বসে + subject এর object form বসে। Active voice-এর sentence টি present indefinite tense এ আছে। তাই auxiliary verb হিসেবে am/is/are বসবে। নিয়মানুযায়ী সঠিক উত্তর (ঘ)।*

৪৫. The correct active form of the sentence "Health should be taken care of" is—

ক We should take care of one's health
খ One should take care of one's health
গ We should take care of ones health
ঘ We must take care of our health

ব্যাখ্যা *Passive বাক্যে Subject না থাকলে, Active করার সময় Subject হিসেবে one অথবা we বসে। (ক) ও (গ) তে we এর possessive form হিসেবে one's ও ones আছে। We এর possessive form হচ্ছে our. (ঘ) তে we এর possessive হিসেবে our থাকলেও must থাকায় তা ভুল। (খ) সঠিক, কারণ one এর possessive, form, one's আছে।*

৪৬. Which one is the passive form of the sentence "keep your word"?

ক Your word must be kept
খ Let your word be kept
গ Your word should be kept
ঘ Let be kept your word

ব্যাখ্যা *Imperative sentence কে passive করার নিয়ম : Let + object + be + মূল verb-এর past participle এখানে object হচ্ছে your word এবং keep এর past participle হচ্ছে kept. তাই নিয়মানুযায়ী Option (খ)-ই সঠিক উত্তর।*

৪৭. Choose the correct indirect form—

ক She said that she was happy to be there that evening
খ She said she was happy to be there that evening
গ She said that she is happy to be there that evening
ঘ She said that she were happy to be there that evening

ব্যাখ্যা *Option (খ) ও (ঘ) ভুল কারণ (খ) তে that নেই এবং (ঘ) তে she এর পরে was এর পরিবর্তে were বসানো হয়েছে। that এর পূর্বে past tense থাকলে পরেও past tense হবে। কিন্তু (গ)-তে that এর পরে present tense (is) আছে বলে তা ভুল। সুতরাং সঠিক উত্তর (ক)।*

৪৮. Choose the correct sentence.

ক You are going to school, isn't you?
খ You are going to school, aren't you?
গ You are going to school, are you?
ঘ You are going to school, do you?

ব্যাখ্যা *Statement positive হলে tag question হয় option negative. (গ) ও (ঘ) ভুল, কারণ এ দুটিতে tag question হচ্ছে positive (ক) তে tag question হচ্ছে negative হলেও এখানে Subject 'you'-এর সাথে is (singular) বসানো হয়েছে। তাই এটিও ভুল। সঠিক উত্তর (খ)।*

৪৯. Choose the correct sentence.

ক You, he and I am guilty
খ You, he and I are guilty
গ I, you and he are guilty
ঘ He, I and you are guilty

ব্যাখ্যা *দোষ বা অপরাধ স্বীকার করা অর্থে– প্রথমে first person, তারপর second person এবং তারপর third person (যেমন– I, you and he) বসে। তাই (গ)-ই এখানে সঠিক উত্তর।*

৫০. Choose the right answer.
We are in a quandary. We cannot thrive.
What can't they do?

ক Drive খ Flourish
গ Consecrate ঘ Move

ব্যাখ্যা *Thrive অর্থ– সমৃদ্ধি লাভ করা; Drive অর্থ– (যানবাহন) চালনা করা; Flourish অর্থ– সমৃদ্ধি লাভ করা; Consecrate অর্থ– পবিত্র করা; Move অর্থ– নড়া বা নড়ানো। তাই অর্থানুযায়ী (খ)-ই সঠিক উত্তর।*

৫১. $\frac{1}{3}+\frac{1}{3^2}+\frac{1}{3^3}+$..... অনন্ত ধারার মান কত হবে?

ক $\frac{4}{3}$ খ $\frac{1}{2}$ গ $\frac{2}{3}$ ঘ $\frac{3}{2}$

ব্যাখ্যা *দেয়া আছে,*

ধারার ১ম পদ $a = \frac{1}{3}$ *এবং সাধারণ অনুপাত,* $r = \frac{1}{3}$

$\therefore$ *ধারাটির অসীমতক সমষ্টি,* $s = \frac{a}{1-r}$

$$= \frac{\frac{1}{3}}{1-\frac{1}{3}} = \frac{1}{2}$$

অতএব সঠিক উত্তর (খ)।

৫২. দু'টি স্বাভাবিক সংখ্যার পার্থক্য 2 এবং 24 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

ক 2 খ 4 গ 6 ঘ 8

ব্যাখ্যা *ধরি, বৃহত্তর সংখ্যাটি x এবং ক্ষুদ্রতর y*

প্রশ্নমতে, $x - y = 2$ ..... (i)

$xy = 24$ ..... (ii)

আমরা জানি, $(x+y)^2 = (x-y)^2 + 4xy = 4 + 4 \times 24$

$\therefore x + y = 10$ ..... (iii)

(i) + (ii) করে,

$x - y = 2$

$x + y = 10$

$2x = 12$

$\therefore x = 6$

$\therefore x = 6$ *(ii) নং-এ বসিয়ে পাই,* $y = \frac{24}{6} = 4$

$\therefore$ *ক্ষুদ্রতর সংখ্যাটি 4*

উত্তর

৪৪	ঘ
৪৫	খ
৪৬	খ
৪৭	ক
৪৮	খ
৪৯	গ
৫০	খ
৫১	খ
৫২	খ

http://dhaka-jobs.com

All Job Circular Website: Dhaka-Jobs.com

৫৩. $f(x) = x^3 - 12x^2 + 48x - 64$ হলে, $f(5)$-এর মান কত?

ক 1 খ 3
গ 2 ঘ 4

ব্যাখ্যা দেয়া আছে,

$f(x) = x^3 - 12x^2 + 48x - 64$

$\therefore f(5) = 5^3 - 12(5)^2 + 48(5) - 64$

$= 125 - 300 + 240 - 64 = 1$

সুতরাং, সঠিক উত্তর হবে (ক)।

৫৪. $\log_2 16$-এর মান কত?

ক 5 খ 3
গ 4 ঘ $\frac{1}{4}$

ব্যাখ্যা ধরি, $\log_2 16 = x$

বা, $2^x = 16$

বা, $2^x = 2^4$

$\therefore x = 4$

সুতরাং, সঠিক উত্তর (গ)।

৫৫. BE ও CF, ΔABC-এর দুইটি মধ্যমা এবং BC = 18 সে. মি. হলে EF-এর মান কত?

ক 9 সে. মি. খ 10 সে. মি.
গ 12 সে. মি. ঘ 8 সে. মি.

ব্যাখ্যা ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্যের একটি অনুসিদ্ধান্ত : ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক। দেয়া আছে, BC=18 সেমি। কাজেই AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে E ও F এর সংযোজক রেখাংশ EF-এর মান হবে BC-এর অর্ধেক অর্থাৎ 9 সেমি। সুতরাং, সঠিক উত্তর (ক)।



৫৬. ABCD সামান্তরিকের $\angle BCD = 130°$ হলে $\angle ABC$ = কত?

ক 40° খ 50° গ 90° ঘ 130°

ব্যাখ্যা যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান্তরাল তাকে সামান্তরিক বলে। সামান্তরিকের বিপরীত কোণগুলোও পরস্পর সমান। কাজেই, $\angle BAD$ ও $\angle BCD$-এর সমষ্টি হবে 260°।



তাহলে $\angle ABC$ ও $\angle ADC$-এর সমষ্টি হবে $(360 - 260)° = 100°$

$\therefore \angle ABC = 50°$

সুতরাং সঠিক উত্তর হবে (খ)।

৫৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ক $\frac{2}{3}$ খ $\frac{4}{5}$ গ $\frac{13}{15}$ ঘ $\frac{23}{30}$

ব্যাখ্যা $\frac{2}{3} = 0.6666$, $\frac{4}{5} = 0.8$,

$\frac{13}{15} = 0.8666$, $\frac{23}{30} = 0.7666$।

স্পষ্টতঃই সঠিক উত্তর হবে (গ)।

৫৮. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত?

ক ২৫ খ ৪০
গ ৯০ ঘ ৫০

ব্যাখ্যা দুইটি সংখ্যার গড় = ২৫

∴ " " সমষ্টি = ৫০

তিনটি সংখ্যার গড় = ৩০

∴ " " সমষ্টি = ৯০

তাহলে, তৃতীয় সংখ্যাটি (৯০ − ৫০) = ৪০

সুতরাং, সঠিক উত্তর (খ)।

৫৯. দুটি সংখ্যার ল. সা. গু ও গ. সা. গু যথাক্রমে ২৮৮ ও ১২। একটি সংখ্যা ৩৬ হলে, অপরটি কত?

ক ৯৬ খ ৭২
গ ৯২ ঘ কোনটাই নয়

ব্যাখ্যা ধরি, অপর সংখ্যাটি x

আমরা জানি, দু'টি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

$x \times ৩৬ = ২৮৮ \times ১২$

বা, $x = \frac{৩৪৫৬}{৩৬}$

$\therefore x = ৯৬$

কাজেই সঠিক উত্তর (ক)।

৬০. একটি বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য 1 একক হলে উহার কর্ণের দৈর্ঘ্য–

ক $\sqrt{2}$ খ 1
গ 5 ঘ 2

ব্যাখ্যা আমরা জানি,

বর্গক্ষেত্রের কর্ণ, $d = \sqrt{2}a$ [a = বাহুর দৈর্ঘ্য]

$= \sqrt{2}.1 = \sqrt{2}$

সুতরাং, সঠিক উত্তর (ক)।

৬১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। এর ভিতরের চতুর্দিকে ১ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

ক ১৩৬ বর্গমিটার খ ১০৬ বর্গমিটার
গ ১৩০ বর্গমিটার ঘ ১০৭ বর্গমিটার

ব্যাখ্যা দেয়া আছে,

বাগানের দৈর্ঘ্য = ৪০ মিটার

" প্রস্থ = ৩০ "

∴ বাগানের ক্ষেত্রফল = ১২০০ বর্গমিটার

উত্তর

৫৩	ক
৫৪	গ
৫৫	ক
৫৬	খ
৫৭	গ
৫৮	খ
৫৯	ক
৬০	ক
৬১	ক

http://dhakajobs.com

রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য $= ৪০ - (১ + ১)$ মিটার
$= ৩৮$ মিটার
" " " প্রস্থ $= ৩০ - (১ + ১)$ মিটার
$= ২৮$ মিটার
∴ " " " ক্ষেত্রফল $= ৩৮ \times ২৮ = ১০৬৪$ বর্গমিটার
∴ রাস্তার ক্ষেত্রফল $= (১২০০ - ১০৬৪)$ বর্গমিটার
$= ১৩৬$ বর্গমিটার



অর্থাৎ, সঠিক উত্তর হবে (ক)।

৬২. ১,১, ২, ৩, ৫ ..... ধারাটির দশম সংখ্যাটি কত?

ক ৩৪ খ ৫৫
গ ২১ ঘ ১৩

ব্যাখ্যা ধারাটির ১ম পদ $= ১$
২য় " $= ১ + ০ = ১$ [১ম পদ+ ১ম পদের পূর্বপদ অর্থাৎ ০]
৩য় " $= ১ + ১ = ২$ [২য় পদ + ১ম পদ]
৪র্থ " $= ২ + ১ = ৩$ [৩য় পদ + ২য় পদ]
৫ম " $= ৩ + ২ = ৫$
৬ষ্ঠ " $= ৫ + ৩ = ৮$
৭ম " $= ৮ + ৫ = ১৩$
৮ম " $= ১৩ + ৮ = ২১$
৯ম " $= ২১ + ১৩ = ৩৪$
∴ ১০ " $= ৩৪ + ২১ = ৫৫$
অর্থাৎ, কোনো পদ = পূর্ববর্তী পদদ্বয়ের যোগফল।
সুতরাং, সঠিক উত্তর (খ)।

৬৩. একটি ভগ্নাংশের হর ও লবের অনুপাত ৩ : ২। লব থেকে ৬ বাদ দিলে যে ভগ্নাংশটি পাওয়া যায়, সেটি মূল ভগ্নাংশের $\frac{২}{৩}$ গুণ হয়। ভগ্নাংশটির লব কত?

ক ৯ খ ১৬
গ ১৮ ঘ ২৪

ব্যাখ্যা ধরি, $\frac{\text{লব}}{\text{হর}} = \frac{২ক}{৩ক}$
প্রশ্নমতে,
$$\frac{২ক - ৬}{৩ক} = \frac{২}{৩} \times \frac{২}{৩}$$
বা, $১৮ক - ৫৪ = ১২ক$
জবা, $৬ক = ৫৪$
∴ $ক = ৯$
∴ লব $= ২ \times ৯ = ১৮$

৬৪. একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার, বৃত্তটির ব্যাসার্ধ কত?

ক ২ মিটার খ ৩ মিটার
গ ৪ মিটার ঘ $২\frac{১}{২}$ মিটার

ব্যাখ্যা দেয়া আছে,
বৃত্তের পরিধি, $২\pi r = ৮$ মিটার
∴ $\pi r = ৪$ মিটার
এবং বৃত্তের ক্ষেত্রফল $\pi r^২ = ১৬$ বর্গমিটার
বা, $\pi r.r = ১৬$ "
∴ $r = \frac{১৬}{৪} = ৪$ মিটার
সুতরাং, সঠিক উত্তর (গ)।

৬৫. $x + \frac{1}{x} = 2$ হলে $\frac{x}{x^2 - x + 1}$ এর মান কত?

ক 1 খ 2
গ 3 ঘ 4

ব্যাখ্যা দেয়া আছে, $x + \frac{1}{x} = 2$
$$\therefore \frac{x}{x^2 - x + 1} = \frac{x}{x(x - 1 + \frac{1}{x})} = \frac{1}{x + \frac{1}{x} - 1} = \frac{1}{2 - 1} = 1$$
সুতরাং, সঠিক উত্তর (ক)।

৬৬. $x^3 - 7x - 6$-এর উৎপাদক কত?

ক $(x + 1)(x - 2)(x - 3)$ খ $(x - 1)(x + 2)(x - 3)$
গ $(x + 1)(x + 2)(x - 3)$ ঘ $(x - 1)(x - 2)(x - 3)$

ব্যাখ্যা যদি $f(x)$ বহুপদীর ক্ষেত্রে $f(-1) = 0$ হয়, তবে $f(x)$-এর একটি উৎপাদক হবে $(x + 1)$।
$\therefore x^3 - 7x - 6$
$= x^3 + x^2 - x^2 - x - 6x - 6$
$= x^2(x + 1) - x(x + 1) - 6(x + 1)$
$= (x + 1)(x^2 - x - 6)$
$= (x + 1)(x^2 - 3x + 2x - 6)$
$= (x + 1)\{x(x - 3) + 2(x - 3)\}$
$= (x + 1)(x + 2)(x - 3)$
কাজেই সঠিক উত্তর হবে (গ)।

৬৭. কোনো সংখ্যার একক, দশক ও শতক স্থানীয় অংক x, y, z হলে সংখ্যাটির রূপ হবে—

ক $100x + 10y + z$ খ $100z + 10y + x$
গ $100xyz$ ঘ $100z + 10x + y$

ব্যাখ্যা ধরি,
একক স্থানীয় অঙ্ক $= 1 \times x = x$
দশক স্থানীয় অঙ্ক $= 10 \times y = 10y$
শতক স্থানীয় অঙ্ক $= 100 \times z = 100z$
∴ সংখ্যাটির রূপ হবে, $100z + 10y + x$
সুতরাং, সঠিক উত্তর (খ)।

৬৮. যদি A সূক্ষ্মকোণ এবং $\sin A = \frac{12}{13}$ হয়, তবে cotA এর মান কত?

ক $\frac{5}{13}$ খ $\frac{5}{12}$
গ $\frac{10}{3}$ ঘ $\frac{10}{13}$

উত্তর

৬২	খ
৬৩	গ
৬৪	গ
৬৫	ক
৬৬	গ
৬৭	খ
৬৮	খ

http://dhaka-jobs.com
All Job Circular Website: Dhaka-Jobs.com

ব্যাখ্যা দেয়া আছে, $\sin A = \frac{12}{13}$

জানা আছে, $\cot A = \sqrt{\operatorname{cosec}^2 A - 1}$

$= \sqrt{\frac{1}{\sin^2 A} - 1}$

$= \sqrt{1 \times \frac{169}{144} - 1}$

$= \sqrt{\frac{25}{144}}$

$= \frac{5}{12}$

অতএব, সঠিক উত্তর (খ)।

৬৯. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক 8% খ ৬%
গ ৫% ঘ ৭%

ব্যাখ্যা ৩৮০ টাকা বিক্রয় মূল্যে ২০ টাকা ক্ষতি হলে ক্রয়মূল্য ৪০০ টাকা।

৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

১ " " " $\frac{২০}{৪০০}$ "

১০০ " " " $\frac{২০ \times ১০০}{৪০০}$ " = ৫ টাকা

∴ ক্ষতির শতকরা হার ৫%

সুতরাং, সঠিক উত্তর হবে (গ)।

৭০. $A = 45°$ হলে $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A}$ = কত?

ক 1 খ $\frac{1}{2}$
গ 0 ঘ 2

ব্যাখ্যা দেয়া আছে, $A = 45°$

এখন, $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A} = \frac{1-(\tan 45°)^2}{1+(\tan 45°)^2}$

$= \frac{1-1^2}{1+1^2} = \frac{0}{1} = 0$

সুতরাং, সঠিক উত্তর (গ)।

৭১. সুদের হারের সূত্র কোনটি?

ক $\frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$ খ $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

গ $\frac{\text{সময়} \times \text{আসল}}{১০০ \times \text{সুদ}}$ ঘ $\frac{১০০ \times \text{আসল}}{\text{সুদ} \times \text{সময়}}$

ব্যাখ্যা সময় নির্ণয়ের সূত্র = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$

সুদের হার নির্ণয়ের সূত্র = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

কাজেই সঠিক উত্তর হবে (খ)।

৭২. A = {x : x মৌলিক সংখ্যা এবং x < 10} হলে নিচের কোনটি সঠিক?

ক A = {1, 2, 3, 5, 7} খ A = {1, 2, 3, 6, 7}
গ A = {2, 3, 5, 7} ঘ A = {4, 6, 8, 9}

ব্যাখ্যা $A = \{x : x$ মৌলিক সংখ্যা এবং $x < 10\}$ অর্থাৎ সহজ ভাষায় একে বলা যায়,

$A = \{x$ এমন যেন x একটি মৌলিক সংখ্যা এবং এর মান ১০ অপেক্ষা কম$\}$

(খ) এবং (ঘ)-এর সবগুলো মৌলিক সংখ্যা নয়। (ক)-এর ক্ষেত্রে যেহেতু ১ যে কোনো সংখ্যার গুণনীয়ক, তাই এটি মৌলিক বা কৃত্রিম কোনোটিই নয়।

কাজেই সঠিক উত্তর হবে (গ)।

৭৩. চিত্রে x-এর মান কত?



ক 15°
খ 30°
গ 45°
ঘ 60°

ব্যাখ্যা আমরা জানি,

ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°

প্রশ্নমতে, $x + 2x + 3x = 180°$

$\Rightarrow 6x = 180°$

$\therefore x = 30°$

কাজেই সঠিক উত্তর (খ)।

৭৪. কোন কূয়ার গভীরতা 10 মিটার এবং ব্যাসার্ধ 1 মিটার হলে ঐ কূয়ার আয়তন কত?

ক 100π ঘনমিটার খ 10π ঘনমিটার
গ 1000 ঘনমিটার ঘ π^3 ঘনমিটার

ব্যাখ্যা দেয়া আছে,

কূয়ার গভীরতা, $h = 10$ মিটার

কূয়ার ব্যাসার্ধ, $r = 1$ মিটার

∴ কূয়ার আয়তন, $\pi r^2 h = \pi . 1^2 . 10$ ঘনমিটার $= 10\pi$ ঘনমিটার

অর্থাৎ সঠিক উত্তর (খ)।

৭৫. সামন্তরিকের ভূমি a মিটার এবং উচ্চতা h মিটার হলে সামন্তরিকটির ক্ষেত্রফল কত?

ক $\frac{1}{2}ah$ ব. মি. খ ah ব. মি.
গ a^2h ব. মি. ঘ a^2h^2 ব. মি.

ব্যাখ্যা সামান্তরিকের ক্ষেত্রফল

= (ক্ষেত্রটির ভূমি × ক্ষেত্রটির উচ্চতা) বর্গ একক

$= (a \times h)$ বর্গমিটার $= ah$ বর্গমিটার

সুতরাং, সঠিক উত্তর (খ)।

৭৬. ভারত-বাংলাদেশের মধ্যে অভিন্ন নদী কতটি?

ক ৫৩টি খ ৫৪টি
গ ৫৫টি ঘ ৫৬টি

ব্যাখ্যা যৌথ নদী কমিশনের তথ্যমতে ভারত-বাংলাদেশের মধ্যে অভিন্ন নদী-সংখ্যা ৫৪টি এবং বাংলাপিডিয়ার তথ্য মতে ৫৫টি।

উত্তর

৬৯	গ
৭০	গ
৭১	খ
৭২	গ
৭৩	খ
৭৪	খ
৭৫	খ
৭৬	খ

http://dhaka-jobs.com

৭৭. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গঠিত কমিশনের নাম কী?

ক সাইমন কমিশন
খ নাথান কমিশন
গ স্যার পি জে হার্টস কমিশন
ঘ র‍্যাডক্লিফ কমিশন

ব্যাখ্যা *ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গঠিত কমিশনের নাম নাথান কমিশন। এ কমিশন ১৯১২ সালে গঠিত হয়। এর সদস্য সংখ্যা ছিল ১৩ জন।*

৭৮. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশে মোট কতজনকে রাষ্ট্রীয় খেতাব দেয়া হয়েছে?

ক ৪২৬ খ ৬৭৬
গ ৬৭৫ ঘ ৫৭৬

ব্যাখ্যা *স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশের মোট ৬৭৬ জনকে রাষ্ট্রীয় খেতাব দেয়া হয়েছে। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।*

৭৯. যুক্তরাষ্ট্রের কংগ্রেসনাল গোল্ড মেডেল লাভকারী প্রথম বাংলাদেশী—

ক ফজলে হাসান আবেদ খ ড. মুহাম্মদ ইউনূস
গ শেখ হাসিনা ঘ এ এইচ এম নোমান খান

ব্যাখ্যা *মার্কিন যুক্তরাষ্ট্রে বেসামরিকভাবে যে পুরস্কার ও সম্মাননা দেয়া হয় তার মধ্যে সর্বোচ্চ দুটি পুরস্কার হচ্ছে কংগ্রেসনাল গোল্ড মেডেল ও প্রেসিডেন্ট মেডেল অব ফ্রিডম। যুক্তরাষ্ট্রের কংগ্রেসনাল গোল্ড মেডেল লাভকারী প্রথম বাংলাদেশী ড. মুহাম্মদ ইউনূস। বিশ্বব্যাপী দারিদ্র্য নিরসনে প্রচেষ্টার কারণে জনাব ইউনূসকে ২৩ অক্টোবর ২০১০ সালে এ পুরস্কারে ভূষিত করা হয়।*

৮০. টুইটার কী?

ক এক প্রকার সামাজিক নেটওয়ার্কিং
খ এক প্রকার সফটওয়ার
গ এক প্রকার কম্পিউটার প্রোগ্রাম
ঘ এক প্রকার কম্পিউটার ভাইরাস

ব্যাখ্যা *টুইটার এক প্রকার সামাজিক নেটওয়ার্কিং। এর সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিকোতে। ১৫ জুলাই ২০০৬ সালে এটি প্রতিষ্ঠিত হয়।*

৮১. ২০১১ সালে উপমহাদেশে অনুষ্ঠিতব্য বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশে কতটি ম্যাচ অনুষ্ঠিত হবে?

ক ৬টি খ ৭টি
গ ৮টি ঘ ৯টি

ব্যাখ্যা *২০১১ সালের ১৯ ফেব্রুয়ারি থেকে ২ এপ্রিল দশম বিশ্বকাপ ক্রিকেট বাংলাদেশ, ভারত ও শ্রীলংকায় অনুষ্ঠিত হয়। এর উদ্বোধনী ম্যাচ ১৭ ফেব্রুয়ারি ২০১১ সালে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। বিশ্বকাপ ক্রিকেটের মোট ৪৯ ম্যাচের মধ্যে বাংলাদেশে ৮টি, ভারতে ২৯টি এবং শ্রীলংকায় ১২টি ম্যাচ অনুষ্ঠিত হয়।*

৮২. কোন্‌টি পানিতে দ্রবীভূত হয় না?

ক ফিটকিরি খ ক্যালসিয়াম কার্বনেট
গ গ্লিসারিন ঘ সোডিয়াম ক্লোরাইড

ব্যাখ্যা *রসায়ন বিদ্যা থেকে আমরা জানি যে, ক্ষার ধাতু ব্যতীত অন্যান্য ধাতুসমূহের কার্বনেট লবণ পানিতে অদ্রবণীয়। ক্যালসিয়াম (Ca) ক্ষার ধাতু নয়, এটি একটি মৃৎক্ষার ধাতু। সুতরাং ক্যালসিয়ামের কার্বনেট লবণ বা ক্যালসিয়াম কার্বনেট পানিতে অদ্রবণীয় অর্থাৎ পানিতে দ্রবীভূত হয় না। অপরদিকে গ্লিসারিন, ফিটকিরি ও সোডিয়াম ক্লোরাইড (NaCl) বা খাবার লবণ এদের প্রত্যেকেই পানিতে দ্রবণীয়।*

৮৩. চিলির খনিতে আটকাপড়া শ্রমিকরা কতদিন পর উদ্ধার পায়?

ক ৫৯ দিন খ ৬৬ দিন
গ ৬৮ দিন ঘ ৬৯ দিন

ব্যাখ্যা *চিলির খনিতে মোট ৩৩ জন শ্রমিক ২০১০ সালের ৫ আগস্ট আটকে পড়ে এবং ১৩ অক্টোবর ২০১০ এক মহাকাব্যিক উদ্ধার অভিযানের মাধ্যমে ৬৯ দিন পর তাদেরকে উদ্ধার করা হয়।*

৮৪. ২০০৭ সালের ১৫ নভেম্বর বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হওয়া ঘূর্ণিঝড়টির নাম কী?

ক সিডর খ নার্গিস
গ আইলা ঘ সুনামি

ব্যাখ্যা *২০০৭ সালের ১৫ নভেম্বর বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত ঘূর্ণিঝড়টির নাম সিডর। সিডর সিংহলী শব্দ। এর অর্থ চোখ। এর উৎপত্তি হয় দক্ষিণ আন্দামান সাগর থেকে।*

৮৫. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

ক হামিদুর রহমান খ শামিম শিকদার
গ মইনুল হোসেন ঘ কামরুল হাসান

ব্যাখ্যা *কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি চিত্রকর হামিদুর রহমান। তিনি ১৯২৮ সালে পুরনো ঢাকার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৮০ সালে তিনি একুশে পদক পুরস্কারে ভূষিত হন। ১৯৮৮ সালের ১৯ নভেম্বর তিনি মৃত্যুবরণ করেন।*

৮৬. ইতিহাসের বিখ্যাত ট্রয়নগরী কোথায়?

ক তুরস্কে খ গ্রিসে
গ স্পেনে ঘ সিরিয়ায়

ব্যাখ্যা *ইতিহাস বিখ্যাত ট্রয়নগরী তুরস্কে। এটি তুরস্কের কানাকেইল প্রদেশে অবস্থিত। গ্রিক ও রোমান সাহিত্যে 'ট্রয়' নিয়ে অনেক কাহিনী রচিত হয়েছে। ইতিহাস বিখ্যাত ট্রোজান যুদ্ধ ট্রয় নগরীতে অনুষ্ঠিত হয়। যার মূলে ছিল সুন্দরী হেলেন।*

৮৭. CNG (সিএনজি) দ্বারা কী বোঝায়?

ক রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস খ অপরিশোধিত পেট্রোলিয়াম
গ একধরনের শিশা ঘ অতি প্রাকৃত গ্যাস

ব্যাখ্যা *CNG বলতে বোঝায় রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস বা Compressed Natural Gas। CNG হচ্ছে পেট্রোল, ডিজেল অথবা প্রোপেনের বিকল্প জ্বালানি। এটি তুলনামূলকভাবে অন্যান্য জীবাশ্ম জ্বালানির চেয়ে পরিবেশের জন্য কম ক্ষতিকারক।*

উত্তর

৭৭	খ
৭৮	খ
৭৯	খ
৮০	ক
৮১	গ
৮২	খ
৮৩	ঘ
৮৪	ক
৮৫	ক
৮৬	ক
৮৭	ক

http://dhakajobs.com

All Job Circular Website: Dhaka-Jobs.com

৮৮. দুধের রং সাদা হয় কেন?
ক প্রোটিনের জন্য খ ফ্যাটের জন্য
গ মিনারেলের জন্য ঘ কার্বোহাইড্রেটের জন্য

ব্যাখ্যা দুধের রং সাদা হয় প্রোটিনের জন্য। কার্বন, হাইড্রোজেন, নাইট্রোজেন ও অক্সিজেনের দ্বারা গঠিত জটিল জৈব পদার্থ, যার প্রতিটি অণু বহুসংখ্যক অ্যামাইনো এসিড অণু দিয়ে গঠিত এবং অ্যামাইনো এসিডগুলো পেপটাইড বন্ধু দ্বারা পরস্পর যুক্ত।

৮৯. কোন হরমোনের অভাবে শিশু বামন হয়?
ক থাইরক্সিন খ ফাইরক্সিন
গ অ্যাডরেনালিন ঘ গ্যাস্টিন

৯০. অ্যানথ্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন—
ক ডারউইন খ মার্কনী
গ লুইপাস্তর ঘ আলেকজান্ডার

ব্যাখ্যা অ্যানথ্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন লুই পাস্তুর। ১৮২২ সালে ফ্রান্সের ডোলে তার জন্ম। ১৮৮১ সালের এপ্রিল মাসে লুই পাস্তুর অ্যানথ্রাক্স টিকা আবিষ্কার করেন।

৯১. ভবদহ বিল অবস্থিত—
ক ফরিদপুরে খ জামালপুরে
গ যশোহরে ঘ খুলনাতে

ব্যাখ্যা যশোর জেলার মনিরামপুর, অভয়নগর এবং খুলনা জেলার ডুমুরিয়া থানার সীমান্ত পর্যন্ত ভবদহ বিলের অবস্থান। ভবদহ ছাড়াও যশোর জেলার উল্লেখযোগ্য বিল হলো জলেশ্বর, বিল বকর, হরিণা, অরল, ইছামতি, পাজিয়াপাত্রা বিল প্রভৃতি।

৯২. লেডি উইথ দি ল্যাম্প কার উপাধি?
ক সরোজিনী নাইডু খ মাদার তেরেসা
গ রানী এলিজাবেথ ঘ ফ্লোরেন্স নাইটিঙ্গেল

ব্যাখ্যা লেডি উইথ দি ল্যাম্প উপাধি ফ্লোরেন্স নাইটিঙ্গেলের। ক্রিমিয়ার যুদ্ধে আহত সৈনিকদের সেবা-শুশ্রূষা করে তাদের আস্থা অর্জন করেন। ফলে সৈনিকরা তাকে এ উপাধিতে ভূষিত করেন।

৯৩. 'পঞ্চইন্দ্রিয়' তৈলচিত্রের চিত্রশিল্পী কে?
ক লিওনার্দো দা-ভিঞ্চি খ মকবুল ফিদা হোসেন
গ মাইকেল অ্যাঞ্জেলো ঘ পাবলো পিকাসো

ব্যাখ্যা 'পঞ্চইন্দ্রিয়' তৈলচিত্রের চিত্রশিল্পী ভারতের পিকাসো হিসেবে খ্যাত মকবুল ফিদা হোসেন। এ আলোচিত ও বিতর্কিত চিত্রশিল্পী ৯ জুন ২০১১ লন্ডনের রয়েল ব্রমটন হাসপাতালে মারা যান। তার জন্ম ১৭ সেপ্টেম্বর ১৯১৫ ভারতের মহারাষ্ট্র রাজ্যে। তার কতিপয় চিত্রকর্ম সমালোচনার ঝড় তোলে। এর মধ্যে একটি হচ্ছে দেব-দেবীর নগ্নমূর্তি অঙ্কন।

৯৪. 'ফেয়ার ফ্যাক্স' কী—
ক বিশ্বের অন্যতম টেলিফোন সংস্থা
খ একটি সংবাদ মাধ্যম
গ রাশিয়ার গোয়েন্দা সংস্থা
ঘ মার্কিন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা

ব্যাখ্যা ফেয়ার ফ্যাক্স মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বেসরকারি অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা। এছাড়া ফেয়ার ফ্যাক্স নামে অস্ট্রেলিয়ায় একটি বহুমুখী মিডিয়া কোম্পানি রয়েছে। এ গ্রুপ অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে খবরের কাগজ, ম্যাগাজিন, রেডিও, ইন্টারনেট ও ডিজিটাল মিডিয়া পরিচালনা করে থাকে।

৯৫. আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়—
ক ১০ মার্চ খ ১০ জুন
গ ১০ অক্টোবর ঘ ১০ ডিসেম্বর

ব্যাখ্যা ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে সর্বজনীন মানবাধিকার চুক্তি গৃহীত হয়। এ চুক্তিতে মানুষের সহজাত মর্যাদা, সমতা এবং সমান অধিকারের কথা বলা হয়েছে। এ চুক্তি স্বাক্ষরের পর ১০ ডিসেম্বরকে আন্তর্জাতিক মানবাধিকার দিবস ঘোষণা করা হয়েছে এবং সেই থেকে প্রতিবছর ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস হিসেবে পালন করা হয়।

৯৬. বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের বর্তমান নাম কী?
ক BTTB খ BTCC
গ BTCL ঘ BTRC

ব্যাখ্যা বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের বর্তমান নাম BTCL বা Bangladesh Telecommunications Company Ltd. পূর্বের BTTB-কে ১ জুলাই ২০০৮ সালে নাম পরিবর্তন করে BTCL নামকরণ করা হয়।

৯৭. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?
ক বিজয় খ সুলেখা
গ সুতনী ঘ রূপসা

ব্যাখ্যা বাংলা লেখার একটি সফটওয়্যার হলো বিজয়। এর আবিষ্কারক মোস্তফা জব্বার। তিনি বিজয় নামে বাংলা টাইপিং সফটওয়্যার ও বাংলা কী-বোর্ড আবিষ্কার করেন। বর্তমানে সর্বাধিক ব্যবহৃত বাংলা সফটওয়্যার হলো অভ্র।

৯৮. সম্প্রতি কোন দেশের ৩৩ জন আটকেপড়া খনি শ্রমিককে ২ মাস পর উদ্ধার করা হয়?
ক কিউবা খ চিলি
গ ব্রাজিল ঘ মেক্সিকো

ব্যাখ্যা ৫ আগস্ট ২০১০ থেকে ১৩ অক্টোবর ২০১০ পর্যন্ত মোট ৬৯ দিন চিলিতে ৩৩ জন শ্রমিক খনিতে আটকে ছিল। পরবর্তীতে এদের সকলকে জীবিত অবস্থায় উদ্ধার করা হয়, যা মানব ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা হিসেবে বিবেচিত।

৯৯. শান্ত সাগর কোথায় অবস্থিত?
ক বুধগ্রহ খ পৃথিবীতে
গ চাঁদে ঘ শনিগ্রহে

ব্যাখ্যা শান্ত সাগর চাঁদে অবস্থিত। চাঁদ পৃথিবীর একমাত্র উপগ্রহ। এছাড়া চাঁদে মারিয়া নামেও একটি সাগর রয়েছে, যা কঠিন লাভা দ্বারা গঠিত।

১০০. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?
ক ভিটামিন-এ খ ভিটামিন-বি
গ ভিটামিন-সি ঘ ভিটামিন-ডি

ব্যাখ্যা ভিটামিন-এ এর অভাবে রাতকানা রোগ হয়, দেহের বৃদ্ধি ব্যাহত হয়, স্নায়ুতন্ত্র ক্ষতিগ্রস্ত হয়, ল্যাথারিজমে নিম্নাঙ্গ ব্যাহত হয় ও ভ্রূণের মৃত্যু ঘটে। ভিটামিন-এ এর প্রধান উৎস দুধ, মাখন, পনির, আম, টমেটো, পেঁপে প্রভৃতি।

উত্তর

৮৮	ক
৮৯	ক
৯০	গ
৯১	গ
৯২	ঘ
৯৩	খ
৯৪	ঘ
৯৫	ঘ
৯৬	গ
৯৭	ক
৯৮	খ
৯৯	গ
১০০	ক

All Job Circular Website: Dhaka-Jobs.com